



International Blockchain Olympiad 2021

Inspiring Empowerment and Innovation

The International Blockchain Olympiad (IBCOL) 2021 invites high school students, university students and recent graduates to submit blockchain solutions to solve real-world problems.

IBCOL 2021 will be held on **8-10 October 2021** in Dhaka
Registrations will continue till **31 August 2021**
(Event rescheduled due to pandemic)

USD \$37,500 in Prizes

Blockchain Olympiad Bangladesh (BCOLBD) is the proud host of IBCOL 2021 in Dhaka coinciding with the 50th year of independence of Bangladesh.



Blockchain Themes

- Document Authentication
- E-governance
- FinTech
- Identity/ Privacy
- Supply Chain Provenance
- Other

60 teams from 15 countries participated in IBCOL 2020.

IBCOL 2021 will bring contestants from many countries of the world and will be followed by millions.

For more information visit bcolbd.org/ibcol2021 and ibcol.org

Organized by

Interested sponsors and partners please contact us at organizer@bcolbd.org

সংবাদ বিজ্ঞপ্তি

ব্লকচেইন অলিম্পিয়াড বাংলাদেশ ২০২১ এ বছর দ্বিতীয় বারের মতো সফলতার সাথে সম্পন্ন হয়েছে। ব্লকচেইন অলিম্পিয়াড তথ্যপ্রযুক্তি জগতে বর্তমান সময়ের অন্যতম সেরা প্রযুক্তি বিষয়ক একটি প্রতিযোগিতা। ব্লকচেইন অলিম্পিয়াড বাংলাদেশ, আইসিটি বিভাগ, ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করে। ব্লকচেইন অলিম্পিয়াড বাংলাদেশ এর সহযোগী আয়োজক প্রতিষ্ঠানসমূহ হচ্ছে টেকনহেভেন কোম্পানি লিমিটেড, আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, এফবিসিসিআই ও বেসিস। পার্টনার প্রতিষ্ঠান হিসেবে আছেন ব্র্যাক ইউনিভার্সিটি, এ.কে.খান টেলিকম, এসিআই, ৭১ টেলিভিশন এবং ইয়ুথ পলিসি ফোরাম।

এই প্রতিযোগিতায় ৫০ টি বিশ্ববিদ্যালয় থেকে ২৫৬ টি দল রেজিস্ট্রেশন করে। হোয়াইট পেপার মূল্যায়নের মাধ্যমে ৪০ টি দলকে প্রতিযোগিতায় চূড়ান্ত পর্যায়ে মনোনীত করা হয়। এই ৪০ টি দল থেকে সেরা ১০ টি দলকে বিজয়ী ঘোষণা করা হয়েছে, এক লক্ষ টাকার প্রথম পুরস্কার, “থফেসর জামিলুর রেজা চৌধুরী” চ্যাম্পিয়নশীপ পুরস্কার অর্জন করে বুয়েটের “কাগজের নৌকা (Kagojer Nouka)” দলটি, ষাট হাজার টাকার দ্বিতীয় পুরস্কার লাভ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এর আইবিএ এর “মাসালা ডোসা (Masala Dosa)”, চল্লিশ হাজার টাকার তৃতীয় পুরস্কার লাভ করে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দল “ট্রায়োচেইন (TrioChain)”。থোটোটাইপ ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর “থবাহ (probaho)”, ডকুমেন্ট অথেনটিকেশন ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয় এর দল “ব্রোগ্রামারস (Brogrammers)”, আইডেন্টিটি/ প্রাইভেসি ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর দল “ডিউ নিম্বাস (DU Nimbus)”, ফিনটেক- FinTech ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে বুয়েটের দল “হোপফুললি হাইপোথেটিক্যালি থেওরিটিক্যালি (Hopefully Hypothetically Theoretically)”, সাপ্লাই চেইন থিভিনাস ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে বুয়েটের দল “ক্রিপ্টোনাইট (Kryptonite)”, ই-গভর্নেন্স/ E-Governance ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় এর দল টিম রকেট (Team Rocket), ই- হেলথ ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এর দল টিম রোমপেকাদেনাস (Team Rompecadenas)।

ব্লকচেইন প্রযুক্তি আমাদেরকে চতুর্থ শিল্প বিপ্লবের দ্বারপ্রান্তে নিয়ে এসেছে। নতুন এই প্রযুক্তি বিশ্বের অর্থায়ন, ব্যাংকিং, সরবরাহ ব্যবস্থা, ই-গভর্নেন্স, সিআরএম সহ ব্যবসায় ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন আনছে।

আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২১ এর নির্ধারিত তারিখ ছিল ২-৪ জুলাই। দুর্ভাগ্যক্রমে, করোনা মহামারীর দ্বিতীয় ওয়েভ পৃথিবীজুড়ে এক উদ্বেগজনক পরিস্থিতি তৈরি করেছে যেখানে স্থানীয় এবং আন্তর্জাতিক উভয় দলের অংশগ্রহণই ঝুঁকিতে রয়েছে। এ পরিস্থিতিকে সামনে রেখে আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২১ এর আয়োজক কমিটি এবং ব্লকচেইন অলিম্পিয়াড বাংলাদেশ এর আয়োজক কমিটি এই অনুষ্ঠানটির তারিখ পরিবর্তন করার সিদ্ধান্ত নিয়েছে। তদনুসারে আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২১ এর নতুন নির্ধারিত তারিখ ৮-১০ অক্টোবর।

গত বছর আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২০ এ ১৫টি দেশ থেকে মোট ৬০টি দল অংশ নিয়েছিল। এবছর আরও ব্যাপকহারে এই অংশগ্রহণের প্রত্যাশা রয়েছে। ব্লকচেইন অলিম্পিয়াড বাংলাদেশ ২০২১ এর বিজয়ী দলগুলিও এই প্রতিযোগিতায় অংশ নেবে। আমরা আশা করি আমাদের দেশীও দলগুলি আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২১ এ একটি দৃষ্টান্ত স্থাপন করবে এবং বাংলাদেশের জন্য গৌরব বয়ে আনবে।